বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.০১.০০১.২৫.৯৯২/১৪৬৪ তারিখ: ২৩/০৬/২০২৫খ্রি.

# বিজ্ঞপ্তি

বেসরকারি ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানে চলমান টেকনোলজি বাতিল/বন্ধ করতে চাইলে করনীয় বিষয়ে ইতোপূর্বে বাকাশিবো স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.০১.০০১.২৪.৫৭৭/৮৯৪৭; তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি. মূলে নোটিশ প্রদান করা হয়।

০২। বিগত ১৯ ডিসেম্বর ২০২১ খ্রি. বোর্ড কর্তৃক টেক্সটাইল টেকনোলজি বিভাজনের পরে সংশ্লিষ্ট টেকনোলজিতে (১. ইয়ার্ণ ম্যানুফেকচারিং, ২. ফেব্রিক ম্যানুফেকচারিং ও ৩. ওয়েট প্রসেসিং) প্রতিষ্ঠান কর্তৃক একজন শিক্ষার্থীও ভর্তি না করে থাকলে প্রমাণকসহ যথাযথ আবেদনের প্রেক্ষিতে অ্যাফিলিয়েশন ফি ব্যতিরেকে উক্ত টেকনোলজি বাতিল/বন্ধ করা যাবে। তবে টেক্সটাইল টেকনোলজি বিভাজনের পূর্বের অর্থাৎ ২০২১-২০২২ সেশন পর্যন্ত অ্যাফিলিয়েশন ফি অবশ্যই পরিশোধ থাকতে হবে।

০৩। ইতোপূর্বে কোন শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট টেকনোলজিতে (১. ইয়ার্ণ ম্যানুফেকচারিং, ২. ফেব্রিক ম্যানুফেকচারিং ও ৩. ওয়েট প্রসেসিং) নিয়মিত ছাত্র-ছাত্রী থাকলে বকেয়া অ্যাফিলিয়েশন ফি পরিশোধ সাপেক্ষে ১ম পর্ব ২০২৫-২০২৬ সেশন থেকে টেকনোলজি বাতিল ও ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ করতে পারবে। আবেদনকারী প্রতিষ্ঠানকে নিম্নে বর্ণিত কাগজপত্রসহ আগামী ০৭ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে।

**বিষয়টি অতীব জরুরী**

টেকনোলজি বাতিল/বন্ধের আবেদনে সংযুক্ত প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ

ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদন।
খ) প্রথম পাঠদান অনুমোদনের কপি (টেক্সটাইল/গার্মেন্টস মূল টেকনোলজির)।
গ) টেকনোলজি সংযোজনের অনুমোদনের কপি (মূল টেকনোলজির)।
ঘ) আসন বৃদ্ধির অনুমোদনের কপি।
ঙ) ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন।
চ) টেকনোলজি বাতিল/পরিবর্তন করলে কোন শিক্ষার্থী ক্ষতিগ্রস্থ হবে না মর্মে অঙ্গীকারনামা।

২৩.০৬.২০২৫
(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ
সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।
............

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.০১.০০১.২৫.৯৯২/১৪৬৪ তারিখ: ২৩/০৬/২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

২৩/৬/২৫
(প্রকৌ. মোঃ নূরুল ইসলাম)
উপপরিদর্শক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩৫

D:\Najmun_naher\Trade_korton\trare korton-final\notice_note.docx